গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
সিটি কর্পোরেশন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.lgd.gov.bd

**শেখ হাসিনার মূলনীতি**
**গ্রাম শহরের উন্নতি**

নং: ৪৬.০০.০০০০.০৭০.১৮.০২৮.১৯-**৩৪২**

তারিখ: ১৯ চৈত্র ১৪২৯
০২ এপ্রিল ২০২৩

বিষয়: ২০২৩ সালের পবিত্র হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়-এর পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৭৭.০১৮.০১.২৩-৩৯; তারিখ: ২০ মার্চ ২০২৩খ্রি:।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকের পরিপ্রেক্ষিতে প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৯ মার্চ ২০২৩ তারিখে অনুষ্ঠিত ২০২৩ সালের পবিত্র হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণীর ক্রমিক নং-১০ এর সিদ্ধান্ত বাস্তবায়নে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

02.08.2023

(মোহাম্মদ শামছুল ইসলাম)
উপসচিব
ফোন: ০২-২২৩৩৫৩৬২৫
মুঠোফোন: ০১৭১৬-৪২৬১২০
ই-মেইল: lgcc1@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
ঢাকা উত্তর সিটি কর্পোরেশন
প্লট ২৩-২৬, রোড নং-৪৬, গুলশান-২, ঢাকা।

অনুলিপি-জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। অতিরিক্ত সচিব (নগর উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২ ।মন্ত্রী'র একান্ত সচিব (যুগ্মসচিব), স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। পরিচালক-১০, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
৪। মেয়রের একান্ত সচিব, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা (মাননীয় মেয়রের অবগতির জন্য)।
৫। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৬। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
# প্রধানমন্ত্রীর কার্যালয়
পুরাতন সংসদ ভবন, ঢাকা।

পত্র সংখ্যা ০৩.০০.০০০০.০৭৭.০১৮.০১.২৩-৩৯

তারিখ ০৬ চৈত্র ১৪২৯
২০ মার্চ ২০২৩

বিষয়: <u>২০২৩ সালের পবিত্র হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী।</u>

প্রধানমন্ত্রীর মুখ্য সচিব মহোদয়ের সভাপতিত্বে গত ১৯ মার্চ ২০২৩ তারিখে প্রধানমন্ত্রীর কার্যালয়ে অনুষ্ঠিত ২০২৩ সালের পবিত্র হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এসাথে প্রেরণ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

স্থানীয় সরকার বিভাগ
সচিবের দপ্তর
১) অতিরিক্ত সচিব ২) মহাপরিচালক ৩) যুগ্মসচিব ৪) যুগ্মসচিব (পরিকল্পনা)
১) প্রশাসন ২) নগর উন্নয়ন ৩) উন্নয়ন ৪) পানি সরবরাহ (পাস) ৫) উপজেলা অধিশাখা ৬) ইউপি অধিশাখা ৭) অডিট অধিশাখা ৮) আইন অধিশাখা
ডাইরি নং ও তারিখ ... স্বাক্ষর

২০/৩/২৩
(মোঃ রাশেদুল ইসলাম)
পরিচালক-১০
ফোন: ৫৫০২৯৪৩০
ই-মেইল: dir10@pmo.gov.bd

**<u>বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. পররাষ্ট্র সচিব (সিনিয়র সচিব), পররাষ্ট্র মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা;
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৪. সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৫. সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৬. সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৭. সচিব, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৮. সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
৯. সচিব, গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১০. সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
১১. সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১২. চেয়ারম্যান, বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ, কুর্মিটোলা, ঢাকা;
১২. অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, স্পেশাল ব্রাঞ্চ, মালিবাগ, ঢাকা;
১৩. প্রধান নির্বাহী কর্মকর্তা, ঢাকা উত্তর সিটি কর্পোরেশন, ঢাকা;
১৪. অতিরিক্ত সচিব (হজ), ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
১৫. মহাপরিচালক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, আইসিটি টাওয়ার, আগারগাঁও, ঢাকা;
১৬. ব্যবস্থাপনা পরিচালক ও সিইও, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লি:, কুর্মিটোলা, বিমানবন্দর, ঢাকা;
১৭. মহাপরিচালক, জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা;
১৮. মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা-১২০৭;
১৯. মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা;
২০. পরিচালক, হজ অফিস, আশকোনা, ঢাকা;
২১. জেলা প্রশাসক, ঢাকা;
২২. নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা;
২৩. উপসচিব (হজ), বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২৪. সভাপতি, হাব, সাত্তারা সেন্টার ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা।

ডায়েরি নং ৭৯০০ তারিখ ২২/৩/২৩
উপসচিব/সিনিয়র সহকারী সচিব
(প্রশাসন-১/প্রশাসন-২/সমন্বয় ও কাউন্সিল/জেপ)
যুগ্মসচিব(প্রশাসন)

**<u>অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)</u>**

১. মহাপরিচালক-৩, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
২. মহাপরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৩. পরিচালক (প্রশাসন), প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৪. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;
৫. সচিব এর একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, ঢাকা;

ডায়েরি নং ৫৫৭
তারিখ: 29 MAR 2023
প্রশাসনিক কর্মকর্তা (সিটি কর্পোরেশন-১)
উপসচিব (সিটি কর্পোরেশন-১ শাখা)

যুগ্ম সচিব-প্রশাসন/উপজেলা/অডিট
তারিখ
অতিরিক্ত সচিব (প্রশাসন)

স্থানীয় সরকার বিভাগ
প্রাপ্তির তারিখ ২৩/৩/২৩
নম্বর ২৮৭২

“হজ সর্বোচ্চ অগ্রাধিকার”

**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রধানমন্ত্রীর কার্যালয়
তেজগাঁও, ঢাকা।

## ২০২৩ সালের পবিত্র হজ ব্যবস্থাপনা সংক্রান্ত পর্যালোচনা সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব মো: তোফাজ্জল হোসেন মিয়া, প্রধানমন্ত্রীর মুখ্য সচিব |
| তারিখ ও সময় | : | ১৯ মার্চ ২০২৩ খ্রি. সকাল ১০:০০ টা |
| স্থান | : | প্রধানমন্ত্রীর কার্যালয়ের ২য় তলা সভাকক্ষ |
| উপস্থিতি | : | পরিশিষ্ট “ক” |

সভাপতি উপস্থিত সকল মন্ত্রণালয় ও বিভাগের সচিব, সংস্থা ও সংগঠনের উর্ধ্বতন কর্মকর্তা এবং প্রতিনিধিগণকে স্বাগত জানিয়ে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়কে আলোচ্য বিষয় উপস্থাপনের আহ্বান জানান।

০২। সভাপতির অনুমতিক্রমে জনাব মো: মতিউল ইসলাম, অতিরিক্ত সচিব (হজ) জানান, ১৪৪৪ হিজরি সনের হজ চাঁদ দেখা সাপেক্ষে আগামী ৯ যিলহজ ২৭ জুন, ২০২৩ তারিখ সৌদি আরবে অনুষ্ঠিত হবে। এ লক্ষ্যে ৯ জানুয়ারি ২০২৩ খ্রিস্টাব্দে রাজকীয় সৌদি সরকারের সাথে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের দ্বিপাক্ষিক হজচুক্তি স্বাক্ষরিত হয়। হজ চুক্তি অনুসারে বাংলাদেশ হতে এ বছর ১ লক্ষ ২৭ হাজার ১৯৮ জন ব্যক্তি হজে যেতে পারবেন। সরকারি ব্যবস্থাপনায় ১৫ হাজার জন এবং বেসরকারি ব্যবস্থাপনায় ১ লক্ষ ১২ হাজার ১৯৮ জন হজে যাবেন। তিনি আরও জানান ০৮ ফ্রেবুয়ারি ২০২৩ তারিখ হতে হজযাত্রী নিবন্ধন কার্যক্রম শুরু হয়েছে। হজের সকল প্রকার প্রস্তুতির কার্যক্রম ধর্ম বিষয়ক মন্ত্রণালয় হতে গ্রহণ করা হচ্ছে। এ পর্যায়ে তিনি উপসচিব (হজ-১) জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীনকে হজ ব্যবস্থাপনার উপর প্রস্তুতকৃত পাওয়ার পয়েন্ট প্রেজেন্টেশন উপস্থাপনের অনুরোধ জানান।

০৩। জনাব আবুল কাশেম মুহাম্মদ শাহীন, উপসচিব (হজ-১) হজ কার্যক্রম-২০২৩ এর ওপর ধর্ম বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক এ পর্যন্ত বাস্তবায়িত ও চলমান কার্যক্রম এবং হজ অনুষ্ঠিত হওয়ার পূর্ব পর্যন্ত যে সকল কার্যক্রম বাস্তবায়নের প্রয়োজন হবে তা সংক্ষিপ্ত আকারে সভায় উপস্থাপন করেন।

০৪। সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাগণকে হজের প্রস্তুতির বিষয়ে নিজ নিজ মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর/সংস্থা কর্তৃক গৃহীত প্রস্তুতিমূলক কার্যক্রম সভাকে অবহিত করার আহ্বান জানান। সভায় বিভিন্ন বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ১ | হজ অফিসের উন্নয়মূলক কার্যক্রম | কাজী ওয়াছি উদ্দিন, সচিব, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয় বলেন, হজ অফিস, আশকোনা, ঢাকায় গণপূর্ত বিভাগ কর্তৃক চলমান পূর্ত কার্যক্রম এবং দুইটি লিফট স্থাপনের কাজ দ্রুতই সম্পন্ন করা সম্ভব হবে। | লিফট স্থাপন, হজ ক্যাম্পের ডরমিটরি সম্প্রসারণ এবং ইমিগ্রেশন ও চেক-ইন-কাউন্টার নির্মাণের কাজ ১৫ এপ্রিল ২০২৩ তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে। | ১।গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়;<br>২।গণপূর্ত অধিদপ্তর। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ২ | হজ যাত্রীদের জন্য প্রয়োজনীয় টিকা সংগ্রহসহ চিকিৎসা সংক্রান্ত প্রস্তুতি গ্রহণ | ড. মু. আনোয়ার হোসেন হাওলাদার, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যণ মন্ত্রণালয় বলেন, হজ যাত্রীদের প্রয়োজনীয় ম্যানেনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা সংগ্রহ কার্যক্রম চূড়ান্ত পর্যায়ে রয়েছে। এছাড়া হজ যাত্রীদের স্বাস্থ্য পরীক্ষা ও চিকিৎসা বিষয়ে অনুসরণীয় নির্দেশিকা প্রণয়ন করে ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | হজ যাত্রীদের প্রয়োজনীয় ম্যানেনজাইটিস ও ইনফ্লুয়েঞ্জা টিকা যথাসময়ে সংগ্রহ, স্বাস্থ্য পরীক্ষা এবং চিকিৎসা সংক্রান্ত সকল কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যেই সম্পন্ন করতে হবে। | ১। স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়;<br><br>২। স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা। |
| ৩ | ইমিগ্রেশন এর জন্য হজ যাত্রীর তথ্য সরবরাহ | ১। জনাব মো: আব্দুল্লাহ আল মাসুদ চৌধুরী, সচিব, সুরক্ষা সেবা বিভাগ, বিমানবন্দরে হজ যাত্রীদের ইমিগ্রেশন দ্রুততার সাথে সম্পাদনের স্বার্থে হজ যাত্রীদের প্রয়োজনীয় তথ্যাদি হজ যাত্রার পূর্বেই সরবরাহ করার প্রস্তাব করেন।<br><br>২। সভাপতি বলেন, ইমিগ্রেশন কাউন্টারে যারা সেবা দান করবেন তারা যেন হজ যাত্রীদের সাথে ভালো আচরণ এবং হাসিখুশি মুখে ইমিগ্রেশনের কার্যক্রম সম্পাদন করেন। | ১। হজ যাত্রীদের ইমিগ্রেশন দ্রুততার সাথে সম্পাদনের স্বার্থে হজ যাত্রীদের প্রয়োজনীয় তথ্যাদি নির্ধারিত সময়ের আগেই সরবরাহ করতে হবে।<br><br>২। বয়স্ক, গ্রাম থেকে আগতসহ সকল পর্যায়ের হজ যাত্রীদের সাথে ইমিগ্রেশন এর সময় বিনয়ী আচরণ করতে হবে। | ১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br><br>২। ডিআইজি, ইমিগ্রেশন বিভাগ। |
| ৪ | হজ যাত্রীদের অগ্রাধিকার ভিত্তিতে পাসপোর্ট সরবরাহ এবং ই-পাসপোর্ট এর সাথে ই-হজ সিস্টেমের আন্ত:সংযোগ | জনাব মো: নুরুল আনোয়ার, মেজর জেনারেল ও মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর সভায় জানান, হজ যাত্রীদের পাসপোর্টের আবেদন অগ্রাধিকার ভিত্তিতে নিষ্পত্তি করা হচ্ছে। এছাড়া এমআরপি পাসপোর্টের ন্যায় ই-পাসপোর্টধারী হজ যাত্রীদের তথ্য সরাসরি ই-হজ সিস্টেমে প্রদান করা হচ্ছে। এতে হজ যাত্রী এবং হজ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সকলেই উপকৃত হচ্ছে। | ১। হজ যাত্রীদের পাসপোর্ট ঢাকাসহ জেলা পর্যায়ের সকল অফিস হতেই অগ্রাধিকার ভিত্তিতে দ্রুততার সাথে প্রদান করতে হবে।<br><br>২। ই-পাসপোর্টের সাথে ই-হজ সিস্টেমের আন্ত:সংযোগের মাধ্যমে হজ যাত্রীদের ডাটা প্রদানের ধারা অব্যাহত রাখতে হবে। | ১। সুরক্ষা সেবা বিভাগ;<br><br>২। ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, ঢাকা। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
| --- | --- | --- | --- | --- |
| ৫ | হজ কর্মী নিয়োগ | ১। জনাব মাসুদ বিন মোমেন, পররাষ্ট্র সচিব বলেন, বিভিন্ন টিমের জন্য বাংলাদেশ থেকে কর্মকর্তা/কর্মচারী নেওয়ার পাশাপাশি সৌদি আরব হতে প্রবাসী বাংলাদেশীদের অধিকহারে হজকর্মী হিসেবে নিয়োগ দেয়া প্রয়োজন।<br><br>২। টিমের সদস্যগণ তাদের ওপর অর্পিত দায়িত্ব যাতে যথাযথভাবে পালন করে তা নিশ্চিত করতে হবে।<br><br>৩। সভাপতি বলেন, হজকর্মীদেরও প্রশিক্ষণের মাধ্যমে হজযাত্রীদের সাথে তাদের ভালো ব্যবহার ও দায়িত্ব যথাযথভাবে পালনের বিষয়টি তাদের অবহিত করতে হবে। | ১। টিমের জন্য বাংলাদেশ থেকে কর্মকর্তা/কর্মচারী নেওয়ার পাশাপাশি সৌদি আরব হতে হজকর্মী নিয়োগ করতে হবে।<br><br>২। টিমের সদস্যদের দায়িত্ব যথাযথভাবে পালন নিশ্চিত করতে হবে।<br><br>৩। টিমের সদস্য ও হজকর্মীদের যথাযথ প্রশিক্ষণ প্রদান করতে হবে। | ১। ধর্ম বিষয়ক মন্ত্রণালয়;<br><br>২।কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা। |
| ৬ | হজ যাত্রী পরিবহন | জনাব মোঃ মোকাম্মেল হোসেন, সচিব, বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় বলেন, নির্বিঘ্নে হজ যাত্রী পরিবহনে বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয় সর্বদা সচেতন রয়েছে। অতীতের ন্যায় এ বছরও আন্তরিকতার সাথে হজ যাত্রীদের সেবা প্রদান করা হবে। | হজযাত্রী পরিবহনকারী সংশ্লিষ্ট এয়ারলাইন্সের মধ্যে সমন্বয়ের মাধ্যমে হজযাত্রীদের নির্বিঘ্নে প্রেরণ নিশ্চিত করতে হবে। | ১। বেসামরিক বিমান পরিবহন ও পর্যটন মন্ত্রণালয়;<br><br>২। সংশ্লিষ্ট এয়ারলাইন্সসমূহ। |
| ৭ | বিমান ভাড়া বৃদ্ধির যৌক্তিকতা এবং হজ যাত্রী পরিবহনের প্রস্তুতি | জনাব শফিউল আজিম, ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ালাইন্স বিমান ভাড়ার যৌক্তিকতা সভায় উপস্থাপন করেন এবং হজ যাত্রী পরিবহন বিষয়ে প্রস্তুতি অগ্রগতি সভায় তুলে ধরেন। | ১।বিমানভাড়া নির্ধারণের যৌক্তিকতা জনসম্মুখে তুলে ধরতে হবে।<br><br>২। নির্বিঘ্নে হজ যাত্রী পরিবহনে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | বিমান বাংলাদেশ এয়ারলাইন্স। |
| ৮ | ২০২৩ সালে হজ যাত্রী পরিবহনে বিমানবন্দর কর্তৃপক্ষের সহায়তা প্রদান | জনাব মো: মাহবুব আলম তালুকদার, অতিরিক্ত সচিব ও সদস্য (প্রশাসন), বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ বলেন, ২০২৩ সালে সুষ্ঠুভাবে হজ যাত্রী পরিবহনের সকল প্রকার সহায়তা তার সংস্থা হতে প্রদান করার প্রস্তুতি গ্রহণ করা হয়েছে। | ২০২৩ সালে হজ যাত্রী পরিবহনে সব ধরণের সহযোগিতা অব্যাহত রাখতে হবে। | বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ৯ | হজ যাত্রীদের ফ্লাইট সিডিউল জমা প্রদান এবং হজযাত্রীদের বিমান ভাড়া হ্রাসকরণ | ১। (ক) মাওলানা ইয়াকুব শরাফতী, সিনিয়র সহ-সভাপতি, হজ এজেন্সিজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব) বলেন, ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, হজ এজেন্সিসমূহ এবং সংশ্লিষ্ট সকলের আন্তরিক প্রচেষ্টায় বিগত বছরের হজ সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হওয়ায় সৌদি আরব সরকার বাংলাদেশের প্রশংসা করেছেন।<br>(খ) তিনি হজ যাত্রীদের বিমান ভাড়া হ্রাস করার প্রস্তাব করেন। এছাড়া তিনি বলেন মক্কা ও মদিনায় বাড়ি ভাড়া কার্যক্রম দ্রুত সম্পাদনের স্বার্থে এয়ারলাইন্সসমূহের অনুমোদিত ফ্লাইট সিডিউল দ্রুত পাওয়া প্রয়োজন।<br>২। সভাপতি ও ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বিমানভাড়া বৃদ্ধির কারণ হিসেবে ডলার ও জেট ফুয়েলের দাম বৃদ্ধির কথা উল্লেখ করেন। | ১। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স বিমানভাড়া নির্ধারণের যৌক্তিকতা জনসম্মুখে তুলে ধরবেন।<br>২। যথাসম্ভব স্বল্পসময়ের মধ্যে অনুমোদিত ফ্লাইট সিডিউল ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ে দাখিল করতে হবে। | ১। ব্যবস্থাপনা পরিচালক, বিমান বাংলাদেশ এয়ারলাইন্স;<br>২। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স, সৌদিয়া এয়ারলাইন্স ও ফ্লাইনাস এয়ারলাইন্স। |
| ১০ | হজ অফিস, ঢাকার মশক নিধন ও পরিষ্কার পরিচ্ছন্নতা সাধন | পরিচালক, হজ অফিস, ঢাকা বলেন, হজ যাত্রীদের স্বাচ্ছন্দে হজ অফিস ঢাকায় অবস্থানের সুবিধার্থে হজ অফিসের চারিপাশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং মশক নিধন করা একান্ত প্রয়োজন। | হজ অফিস ঢাকার চারিপাশ পরিস্কার-পরিচ্ছন্ন রাখা এবং মশক নিধনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ঢাকা উত্তর সিটি কর্পোরেশন। |

৫। হজ-২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে প্রস্তুতি গ্রহণ এবং ধর্ম বিষয়ক মন্ত্রণালয়ের সাথে সমন্বয়ের মাধ্যমে দায়িত্ব পালনের আহ্বান জানানো হয়। হজ যাত্রীদের হোটেল/বাড়ি সর্বদা পরিষ্কার-পরিচ্ছন্ন রাখা, এজেন্সিসমূহকে প্যাকেজে উল্লেখিত দূরত্বের মধ্যে বাড়ি ভাড়া নিশ্চিত করা, যে সকল হজ এজেন্সি হজ যাত্রীদের জন্য কষ্টের কারণ হবে তাদের বিরুদ্ধে প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে মর্মে জানানো হয়।

৬। সভায় আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে এবং হজ ২০২৩ সুষ্ঠুভাবে বাস্তবায়নের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

স্বাক্ষরিত/-
তারিখ: ২০/০৩/২০২৩
(মো: তোফাজ্জল হোসেন মিয়া)
প্রধানমন্ত্রীর মুখ্য সচিব